

## রাজধানী

### ‘ভাই-ভাই’ বলে শান্তিচুক্তির এক মাস পূর্তিতে ঢাকা ও আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের পাল্টাপাল্টি ধাওয়া

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ০৯ ডিসেম্বর ২০২৫, ১৩: ০৯



গত এক বছরে নানা কারণে ঢাকা কলেজ, আইডিয়াল কলেজ ও সিটি কলেজের শিক্ষার্থীরা কমপক্ষে ১৫ বারের বেশি সংঘর্ষে জড়িয়েছেন। ২০২৪ সালের ১৫ সেপ্টেম্বরের ছবি ফাইল ছবি: প্রথম আলো

রাজধানীর সায়েন্স ল্যাবরেটরি এলাকায় ঢাকা কলেজ ও ধানমন্ডি আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া পাল্টা-ধাওয়া ও ইটপাটকেল নিষ্কেপের ঘটনা ঘটেছে। এ সময় দুটি গাড়ি ভাঙ্গুর করা হয়।

আজ মঙ্গলবার সকাল ৮টা থেকে বেলা ১১টা পর্যন্ত দুই পক্ষের মধ্যে এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছে পুলিশ। ঠিক এক মাস আগে এই দুই কলেজের শিক্ষার্থীদের মধ্যে মৌখিক শান্তিচুক্তি হয়। নিজেদের ‘ভাই ভাই’ স্লোগান দিয়ে

তাঁরা মারামারি করবেন না বলে প্রতিজ্ঞা করেন। এক মাসের মাথাতেই আবার এ ঘটনা ঘটল।

দুই পক্ষের মধ্যে উভেজনা চলার সময় ধানমন্ডিতে ঢাকা কলেজের দুটি গাড়ি ভাঙ্চুর করা হয়। এ ঘটনাকে কেন্দ্র করে ঢাকা কলেজের ছাত্ররা আইডিয়াল কলেজের দিকে যায়। পরে পাল্টাপাল্টি ধাওয়া ও ইট পাটকেল ছোড়াচুড়ি চলে।

নিউমার্কেট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আইয়ুব দুপুর সোয়া ১২টার দিকে প্রথম আলোকে বলেন, কর্তৃপক্ষ ও পুলিশের তৎপরতায় ঢাকা কলেজের ছাত্রদের বুঝিয়ে কলেজের ভেতরে ঢুকিয়ে দেওয়া হয়েছে। কলাবাগান এলাকায় পুলিশ এবং উর্ধ্বর্তন কর্তৃপক্ষের সাহায্যে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে।

গত ৯ নভেম্বর মাসে ঢাকা কলেজ ও ধানমন্ডি আইডিয়াল কলেজের শিক্ষার্থীদের মধ্যে নিউমার্কেট থানা-পুলিশের মধ্যস্থতায় মৌখিক শান্তিচুক্তি হয়। চুক্তি শেষে দুই প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্রতিজ্ঞা করেছেন, তাঁরা আর মারামারি করবেন না। এ সময় তাঁরা স্নোগান দেন, ‘আমরা সবাই ভাই ভাই, আমাদের মাঝে বিরোধ নাই’।

গত এক বছরে নানা কারণে ঢাকা কলেজ, আইডিয়াল কলেজ ও সিটি কলেজের শিক্ষার্থীরা কমপক্ষে ১৫ বারের বেশি সংঘর্ষে জড়িয়েছেন। এর মধ্যে সর্বশেষ ছয় মাসে তাঁরা তিনটি বড় সংঘর্ষে জড়ান।